## অপেক্ষার কাল

**সুনন্দা মুখোপাধ্যায়**

লাল আলো, বলে দিও কোথায় দাঁড়াতে হবে
কতটুকু অপেক্ষায় - পেতে পারি পথের নিস্তার
মরাঝিল পার হয়ে জঙ্গলের ঝরাপাতা দু-পায়ে মাড়িয়ে
জোনাকীর চোখের আলোয় তবে কি থমকে যাবো
হা হা করা ফসল তোলা মাঠের কাছে সুখের বুদবুদ ভাঙে
বাতাস বাঁক নিচ্ছে সেখানে কতটা দাঁড়াবো
প্রতিটি শতাব্দীর স্তম্ভের কাছে পড়ে আছে আশ্চর্য্য কুরুক্ষেত্র
রক্ত ও হ্রেষার ডাকে যারা যারা অংশ নিতে চায় তাদের উল্লাস
বাতাস বাঁক নিচ্ছে জাদুকরী ধুলো মাখা হিরণ্য বাতাস
অবগাহনের দেরী হয়ে গেলে সেই সব প্রজ্ঞারা উজ্জীবিত হবে কি?
লাল আলো বলে দিও কোথায় দাঁড়াবে, কতটুকু অপেক্ষার কাল
এখনো সরুগলি বিষাদে নীল হয়ে আছে বলেছিল জেগে থেকো
অনেক দূর থেকে যাঁরা হেটে আসছে
মৃত্যুর ভেতর থেকে যারা হেটে আসছে
ধুলো নদী উজিয়ে যারা হেটে আসছে
রক্তের মুঠি ঘুর্না নয়ে যারা হেটে আসছে
তবে কি ক্ষতবিক্ষত বাতাস বাঁক নিচ্ছে বিফলতার মোহনা থেকে
তীব্র ঘণায় পবিত্র হয়েছে যারা তারা কিন্তু সবাই জেগে আছে
শুধু স্বপ্ন তুলে রেখো, ক্লান্ত হোয়ে যারা ফিরবে তাদের জন্য।
লাল আলো বলে দিও কোথায় দাঁড়াতে হবে কতটুকু অপেক্ষার কাল

ভিজে চোখের পাতায় বাতাস বাঁক নিচ্ছে, বাতাস বাঁক নিচ্ছে।

## অসময়

**মুকুন্দ গায়েন**

ডাগর কালো চক্ষুদুটি আকর্ণ-বিস্তৃত
কোথায় যেন দেখেছিলাম, ভিড়ের চৌহুদ্দিতে
বর্ষা বিদায় হয়ে গেছে হেমন্ত নয় শীতও
এমন সময় তুমি এলে হৃদয় ভরে দিতে।